গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ এর কার্যালয়
রাজশাহী

rajshahi.judiciary.gov.bd

নং ৬৮/জি,

তারিখ: ২৭ চৈত্র ১৪৩১ / ১০ এপ্রিল ২০২৫

# অফিস আদেশ

এই জজশীপের মহাফেজ খানায় রেকর্ড কিপার পদে কর্মরত জনাব মোস্তাফিজুর রহমানের জন্ম তারিখ ১২/০৫/১৯৬৬ ইং হওয়ায় আগামী ১১/০৫/২০২৫ ইং তারিখে তাহার বয়স ৫৯ বৎসর পূর্ণ হইবে। ২০১৮ সনের সরকারি চাকরি আইনের ৪৩(১)(ক) ধারার বিধান অনুযায়ী আগামী ১১/০৫/২০২৫ ইং তারিখ তাহাকে সরকারি চাকরি হইতে অবসর প্রদান করা হইল। একই আইনের ৪৭ ধারার বিধান অনুযায়ী তিনি আগামী ১২/০৫/২০২৫ ইং তারিখ হইতে ১১/০৫/২০২৬ ইং তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসর পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটি (পি.আর.এল) প্রাপ্ত হইবেন।

ছুটি প্রাপ্য থাকায় ২০১৫ সনের চাকরি (বেতন ও ভাতাদি) আদেশের ১০ অনুচ্ছেদের (২) (খ) উপানুচ্ছেদের বিধান মোতাবেক তাহার ১৮ (আঠার) মাসের অর্জিত ছুটি নগদায়নের অনুমতি প্রদান করা হইল। তিনি লাম্প গ্রান্ট হিসাবে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সম পরিমাণ অর্থ অর্থাৎ ৪,৭৮,৬২০/- (২৬,৫৯০×১৮) (চার লক্ষ অষ্টাত্তর হাজার ছয় শত বিশ) টাকা প্রাপ্ত হইবেন।

তাহাকে তাহার বিচার/নন্দিঃ-০৩ (১০০০২০৫১৪৫) নং ভবিষ্য তহবিলে জমাকৃত সমুদয় চাঁদা সুদসহ রাজশাহীর বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের চূড়ান্ত পাওনা পরিশোধের ক্ষমতা প্রাপ্তি সাপেক্ষে উত্তোলনের অনুমতি প্রদান করা গেল।

আগামী ১১/০৫/২০২৫ ইং তারিখ রোজ রবিবার বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষে সরকারী ছুটি থাকায় তাহাকে আগামী ০৮/০৫/২০২৫ ইং তারিখ অপরাহ্নে দায়িত্ব হইতে অবমুক্ত করতঃ অবসরোত্তর ছুটিতে যাওয়ার অনুমতি প্রদান করা গেল।

তিনি বিধি মোতাবেক অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্ত হইবেন।

সংশ্লিষ্ট সকলকে জানানো হউক।

১০/৪/২০২৫

(গোলক চন্দ্র বিশ্বাস),
গ্রেডেশন নং-১৬,
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী
ই-মেইল: districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং ১২৮/২৫-(৫)/জি,

তারিখ: ২৭ চৈত্র ১৪৩১ / ১০ এপ্রিল ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হইল:

১। ভারপ্রাপ্ত জজ, মহাফেজ খানা, জেলা জজ আদালত, রাজশাহী,
২। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রাজশাহী,
৩। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী,
৪। জনাব মোস্তাফিজুর রহমান, রেকর্ড কিপার, মহাফেজ খানা, জেলা জজ আদালত, রাজশাহী ও
৫। অফিস কপি।

আদেশক্রমে

(মোঃ ফজলে রাব্বী),
প্রশাসনিক কর্মকর্তা,
জেলা জজ আদালত, রাজশাহী।